



বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়
BANGLADESH OPEN UNIVERSITY
তথ্য ও গণসংযোগ বিভাগ
গাজীপুর-১৭০৫, ফোন : ৯২৯১১১৯

“শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ”



প্রেস রিলিজ

১১ অক্টোবর ২০২২

বাউবি'র একাডেমিক কাউন্সিলের ৭৪তম সভা অনুষ্ঠিত

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের একাডেমিক কাউন্সিল এর ৭৪তম সভা মাননীয় উপাচার্য অধ্যাপক ড. সৈয়দ হুমায়ুন আখতার এর সভাপতিত্বে আজ ১১ অক্টোবর ২০২২ মঙ্গলবার ঢাকা আঞ্চলিক কেন্দ্রের সভা কক্ষে অনুষ্ঠিত হয়। সভায় প্রো-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক ড. নাসিম বানু, প্রো-উপাচার্য (শিক্ষা) অধ্যাপক ড. মাহবুবা নাসরীন ও ট্রেজারার অধ্যাপক মোস্তফা আজাদ কামাল উপস্থিত ছিলেন। মহামান্য রাষ্ট্রপতি ও বাউবি'র চ্যাম্পেলর এর সদয় অনুমোদন ক্রমে বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় আইন ১৯৯২ এর ২২ (১)(ছ) ও ২২ (২) ধারা অনুসারে বাউবি'র একাডেমিক কাউন্সিলের নতুন ১০ জন সদস্য মনোনয়ন পেয়েছেন। তাঁদের মধ্যে ৯ জন সদস্য এ সভায় যোগদান করেন।



নতুন সদস্যরা হলেন অধ্যাপক ড. সাদেকা হালিম, ডিন, সমাজ বিজ্ঞান অনুষদ, ঢাকা বিশ্ববিদ্যালয়, প্রফেসর ড. মো: আনোয়ার হোসেন ভূঞা, ভূতত্ত্ব বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়, প্রফেসর ডা. শাহরিয়ার নবী, ডিন, মেডিসিন অনুষদ, ঢাকা বিশ্ববিদ্যালয়, অধ্যাপক ড. মুহাম্মদ জাবেদ হোসেন, উদ্ভিদ বিজ্ঞান বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়, প্রফেসর ড. মোবারক আকতার মো: ইয়াহিয়া খন্দকার, ইনিমেল ব্রিডিং অ্যান্ড জেনেটিক্স বিভাগ, বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়, ময়মনসিংহ, প্রফেসর ড. সুব্রত কুমার আদিত্য, ট্রেজারার ও রেজিস্ট্রার (অতিরিক্ত দায়িত্ব), শেখ হাসিনা বিশ্ববিদ্যালয়, নেত্রকোনা, প্রফেসর ড. সোহেল আহমেদ, প্রাণ-রাসায়ন ও অনুপ্রাণ বিজ্ঞান বিভাগ, জীব বিজ্ঞান অনুষদ জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়, প্রফেসর ড. মো: মখলেসুর রহমান, সিভিল এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগ, ঢাকা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, গাজীপুর, অধ্যাপক ড. জেবউননেছা, লোক প্রশাসন বিভাগ, জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় ও অধ্যাপক ড. মো: আবু রায়হান, কারিগরী ও বৃত্তিমূলক শিক্ষা বিভাগ, ইসলামিক ইউনিভার্সিটি অব টেকনোলজি, গাজীপুর। মাননীয় উপাচার্য একাডেমিক কাউন্সিলের নতুন সদস্যদের ফুল দিয়ে বরণ করে নেন এবং বাউবি পরিবারে স্বাগত জানান। সভায় বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন একাডেমিক বিষয়ে নিয়ে আলোচনা করা হয়। সভায় বাউবি'র বিভিন্ন স্কুলের ডিন, শিক্ষক, পরীক্ষা নিয়ন্ত্রক (ভারপ্রাপ্ত), লাইব্রেরিয়ান (ভারপ্রাপ্ত) এবং আঞ্চলিক পরিচালকসহ মোট ৪০ জন সদস্য উপস্থিত ছিলেন। সভা সম্বলনা করেন বাউবি'র রেজিস্ট্রার ও একাডেমিক কাউন্সিল এর সচিব ড. মহা.শফিকুল আলম।

ড. আ.ফ.ম মেজবাহ উদ্দিন
পরিচালক (ভারপ্রাপ্ত)